# ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম 2023

মাধ্যমিক স্তর
নবম ও দশম শ্রেণি



সেপ্টেম্বর  2024

কার্তিক ১৯৪৬

জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ

৮৫.০০

জাতীয় শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের সচিব কর্তৃক শ্রী অরবিন্দ মার্গ , নয়াদিল্লী - 110016  তে অবস্থিত প্রকাশনা বিভাগ থেকে প্রকাশিত এবং পুষ্পক প্রেস প্রাইভেট লিমিটেড, বি -3/1, অখলা ইন্ডাসট্রিয়াল এরিয়া, ফেজ-2,  নয়াদিল্লী - 110020 থেকে মুদ্রিত।

# ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম, 2023




## মাধ্যমিক স্তরঃ পর্যায় ১
## শ্রেণি: নবম এবং দশম

राष्ट्रीय शैक्षिक अनुसंधान और प्रशिक्षण परिषद्
NATIONAL COUNCIL OF EDUCATIONAL RESEARCH AND TRAINING

# মুখবন্ধ

সর্বশিক্ষা মিশন, পশ্চিমবঙ্গ সরকারের রাজ্য প্রকল্প অধিকর্তা মহাশয়ের 15/05/25 তারিখের 374/Pedagogy/PBSSM/2024-25 নং পত্র অনুসারে রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ বিদ্যালয়ের মধ্যবর্তী, মাধ্যমিক (প্রথম ও দ্বিতীয় পর্যায়) স্তরে ব্যবহারের জন্য ভারতীয় ন্যায় সংহিতা (BNS) 2023, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা (BNSS) 2023, ও ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম (BSA) 2023 এই তিনটি নতুন আইন সংক্রান্ত শিক্ষা বিষয়ক নয়টি মডিউল বাংলায় অনুবাদ করার দায়িত্ব পায়। রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ এর মাননীয়া অধিকর্তা মহাশয়ার তত্ত্বাবধানে ও সম্পাদনায় এবং রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদের গবেষক শ্রী সুব্রত কুমার বিশ্বাস ও শ্রীমতী পারমিতা বালা বিশ্বাসের সঞ্চালনায় সম্পন্ন ব্যক্তিদের দ্বারা সংক্ষিপ্ত সময়ের মধ্যে স্পষ্ট ও সহজ বাংলায় মডিউলগুলির অনুবাদ কার্য সুসম্পন্ন হয়েছে। এই কাজে যুক্ত সকল ব্যক্তির আন্তরিকতা, অধ্যাবসায় ও পেশাদারিত্ব কাজটি যথাসময়ে শেষ করতে সাহায্য করেছে। অনুবাদ কার্যের জন্য যাঁরা সহযোগিতা করেছেন তাঁদের রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ এর পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই। এই সম্মিলিত প্রচেষ্টার ফলস্বরূপ শিক্ষার্থীদের কাছে নতুন আইনগুলির জ্ঞান সরল ও বোধগম্য রূপে উপস্থাপন করা সম্ভব হবে।

**ড: ছন্দা রায়**
অধিকর্তা
রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ (প. ব.)

<u>বাংলা তর্জমার বিশেষজ্ঞ মণ্ডলী</u>

1. শ্রী গৌতম ভট্টাচার্য, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - অনুবাদক
2. শ্রীমতী অনসূয়া রায়চৌধুরী, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - অনুবাদক
3. শ্রীমতী উমাবতী হেমব্রম, গবেষক, রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, পশ্চিমবঙ্গ - সহ সহকারী সঞ্চালক
4. শ্রী সৌরভ মণ্ডল, অধ্যাপক, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, উত্তর ২৪ পরগণা
5. শ্রী তমাল কৃষ্ণ ভোঁড়, অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, মুর্শিদাবাদ
6. ডঃ প্রদীপ কুমার বসু, প্রধান শিক্ষক (অবসরপ্রাপ্ত), হিন্দু স্কুল, কলকাতা
7. শ্রী সুমন শুর, অধ্যাপক, জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, বর্ধমান
8. এস কে আস্রফ আলী, অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, ঝাড়গ্রাম
9. শ্রীমতী নন্দিতা দত্ত, বরিষ্ঠ অধ্যাপক,জেলা শিক্ষা ও প্রশিক্ষণ সংস্থা, বাঁকুড়া
10. ডঃ চন্দন মিশ্র, প্রধান শিক্ষক, রঘুনাথপুর নফর একাডেমি (উঃ মাঃ), অভয়নগর, হাওড়া
11. ডঃ কৌস্তভ ভট্টাচার্য, সহযোগী অধ্যাপক, বাবা সাহেব আম্বেদকর শিক্ষা বিশ্ববিদ্যালয়
12. ডঃ সোমনাথ চ্যাটার্জী, প্রধান শিক্ষক, চন্দননগর কানাইলাল বিদ্যামন্দির (ফরাসি বিভাগ)
13. শ্রী সন্দীপন ঘোষ, অধ্যাপক, ধর্মদা সরকারী প্রাথমিক শিক্ষক শিক্ষণ সংস্থা, নদীয়া
14. শ্রী অভিজিৎ দাসগুপ্ত, ভারপ্রাপ্ত শিক্ষক, নারায়ণপুর উচ্চ বিদ্যালয় (উঃ মাঃ), উত্তর ২৪ পরগণা

# ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম ,2023

## শিখন ফলাফল :

এই মডিউলটি পাঠের পরে শিক্ষার্থী সক্ষম হবেঃ

- BSA এর গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে
- এর বিশেষভাবে উল্লেখযোগ্য দৃষ্টান্ত অঙ্কনে
- বর্তমান সময়ে সংঘাত এবং সহিংসতা মোকাবিলায় এর গুরুত্ব তুলে ধরে সংশ্লিষ্ট সকলের ( Stakeholders) জন্য সচেতনতামূলক বার্তা প্রস্তুতে
- BSA নিয়ে শ্রেণিকক্ষে আলোচনা সংঘটনে

ভারতের ফৌজদারি বিচার ব্যবস্থা তার ইতিহাস জুড়ে বিভিন্ন শাসক এবং আইনি ঐতিহ্যের দ্বারা প্রভাবিত হয়ে উল্লেখযোগ্য পরিবর্তনের মধ্যে দিয়ে গেছে। সবচেয়ে উল্লেখযোগ্য সংহিতাকরণ ব্রিটিশ শাসনকালে ঘটেছিল, যা আধুনিক ভারতীয় ফৌজদারি আইনের ভিত্তি তৈরি করেছিল।




2023 এর পূর্ববর্তী ভারতের ফৌজদারি আইন

ব্রিটিশরা ভারতের ফৌজদারি আইন গুলিকে সংহিতাকরণের মাধ্যমে ,একটি কাঠামোগত আইনি ব্যবস্থা তৈরি করেছিল যা সাম্প্রতিক কিছু সংশোধনীর মাধ্যমে মূলত বহাল রয়েছে।

| ভারতীয় দণ্ডবিধি (IPC) | ফৌজদারি কার্যবিধি (CrPc) | ভারতীয় প্রমান আইন (IEA) |
|---|---|---|
| • আইনের অধীনে প্রতিষ্ঠিত প্রথম আইন কমিশন 1860 সালে খসড়া তৈরি করে।<br>• 1ST জানুয়ারি 1862 সালে কার্যকর হয়।<br>• IPC ভারতের সরকারি ফৌজদারি কোড হিসেবে কাজ করে সংজ্ঞাস্হাপন, জরিমানা, এবং ফৌজদারি অপরাধের প্রকৃতি নির্ধারণ করে। | 1st এপ্রিল 1974 সালে কার্যকর হয়।<br>• CrPc ফৌজদারি আইনের প্রয়োগের পদ্ধতি, তৎসহ অপরাধের তদন্ত, প্রমাণ সংগ্রহ, সন্দেহভাজনদের গ্রেপ্তার এবং বিচার পরিচালনার রূপরেখা প্রদান করে। | • ব্রিটিশ রাজত্বের সময়ে ইম্পেরিয়াল লেজিসলেটিভ কাউন্সিল কর্তৃক 1872 সালে পাস করে।<br>• ভারতীয় আদালতে প্রমাণের গ্রহণযোগ্যতা নিয়ন্ত্রনকারী নিয়মের একটি বিস্তৃত সেট প্রদান করে। |

2023 সালের ডিসেম্বরে সংসদ তিনটি ভিত্তিমূলক বিল পাস করে :

- ভারতীয় ন্যায় (দ্বিতীয়) সংহিতা, 2023: ভারতীয় ফৌজদারি দণ্ডবিধি (IPC) কে ঢেলে সাজায়
- ভারতীয় নাগরিক সুরক্ষা ( দ্বিতীয় ) সংহিতা , 2023 : ফৌজদারি কার্যবিধি কোডকে (CrPc) প্রতিস্থাপন করে।
- ভারতীয় সাক্ষ্য (দ্বিতীয়) অধিনিয়ম, 2023: ভারতীয় প্রমাণ আইন (IEA) কে পরিমার্জন করে।

## ভারতীয় প্রমাণ আইন , 1872

ইন্ডিয়ান এভিডেন্স অ্যাক্ট নির্ধারণ করে কিভাবে বাস্তবিক ঘটনা প্রমাণের মাধ্যমে প্রমাণিত করা যায়। সাক্ষ্য আইন বিচারকদের " তুষ থেকে গম" আলাদা করতে সাহায্য করে এবং আদালতের কার্যক্রম চলাকালীন সত্য প্রতিষ্ঠার একটি গুরুত্বপূর্ণ ভূমি কা পালন করে । কোন প্রমাণ গ্রহণ করা যেতে পারে , কিভাবে গ্রহণ করা যায়, কিভাবে প্রমাণের বোঝা পর্যালোচনা করতে হবে ইত্যাদি বিষয়গুলি সাক্ষ্য আইন দ্বারা নিয়ন্ত্রিত।

মূল নীতিগুলি যা প্রমাণের আইনের ভিত্তি তৈরী করে সেগুলি হল :

1. প্রমাণ হাতে থাকা বিষয়ের মধ্যেই অবশ্যই সীমাবদ্ধ থাকতে হবে।
2. শ্রবণ প্রমাণ গ্রহণ করা উচিত নয়।
3. সবক্ষেত্রে সেরা প্রমাণ দিতে হবে।





## আইনের পরিভাষায় প্রমাণ বলতে আমরা কি বুঝি ?

আইনের প্রমাণ বলতে যে কোন বিষয় বস্তু বা সত্যের দাবিকে বোঝায় যা তদন্তাধীন কোন বিষয়ের সত্যতা নির্ধারণের জন্য একটি উপযুক্ত ট্রাইবুনালে উপস্থাপন করা যেতে পারে। আদালতগুলি শোনার জন্যে যথায থ কার্যক্রম পরিচালনা করার জন্য দায়বদ্ধ এবং সেই সব প্রমাণ বিবেচনা করে যা সত্যের উপর ভিত্তি করে থাকে।

সাক্ষ্যের আইন সাক্ষীর সাক্ষ্য , নথি, ভৌত বস্তু বা বিদেশী আইন সহ তথ্যের প্রমাণ এবং উপস্থাপনের পদ্ধতিগত নিয়মগুলিকে অন্তর্ভুক্ত করে। এই নিয়মগুলি অভিজ্ঞতা এবং বিভিন্ন আইনি প্রয়োজনীয়তার মাধ্যমে বিকশিত হয়েছে যা গ্রহণযোগ্য এবং যথেষ্ট প্রমাণ গঠন করে।

আদালতে প্রমাণ বিভিন্ন রূপ নিতে পারে, প্রতিটি আইনি প্রক্রিয়ার তথ্য প্রতিষ্ঠা বা খণ্ডন করতে পরিবেশন করে। প্রমাণের উদাহরণ গুলির মধ্যে রয়েছে

1. **প্রত্যক্ষদর্শী সাক্ষ্য**: একজন ব্যক্তি যিনি একটি ঘটনা প্রত্যক্ষ করেছেন তিনি ঘটনার প্রাথমিক বিবরণ প্রদান করেন।
2. **চুক্তি** : দুটি পক্ষের মধ্যে লিখিত সম্মতি
3. **ইমেল এবং চিঠি** : আদান প্রদান যা চুক্তি বিরোধ বা অন্যান্য প্রাসঙ্গিক তথ্য নির্দেশ করতে পারে।
4. **অফিসিয়াল নথি** : জন্ম শংসাপত্র, বিবাহ লাইসেন্স বা অন্যান্য সরকারি জারি করা নথি।
5. **অস্ত্র:** বন্দুক, ছুরি, বা অপরাধ সংগঠনে ব্য বহৃত অন্যান্য বস্তু।
6. **পোশাক** : একটি ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের দ্বারা পরিধান করা আইটেম / বস্তু যাতে রক্ত বা বারুদের অবশিষ্টাংশের মতো প্রমাণের চিহ্ন থাকতে পারে।
7. **DNA প্রমাণ**: জৈবিক উপাদান যা একজন ব্যক্তিকে অপরাধের স্থলে, বা আক্রান্ত ব্যক্তির সঙ্গে সংযুক্ত ক রতে পারে।
8. **ফোটোগ্রাফ এবং ভিডিও** : অপরাধ স্থলের ঘটনার বা প্রাসঙ্গিক স্থানের দৃশ্যের রেকর্ডিং। ঘটনা দৃশ্যের , বিষয় বা প্রাসঙ্গিক অকুস্থলের ভিডিও চিত্র।
9. **নকশা এবং মডেল** :ভিজুয়াল এইড যা একটি ঘটনা কিভাবে ঘটেছে বা অপরাধের দৃশ্যের বিন্যাস ব্যাখ্যা করতে সাহায্য করে।
10. **আঙুলের ছাপ:**
    ব্যক্তিদের রেখে যাওয়া অন্যান্য নিদর্শন যা তাদের একটি অবস্থান বা বস্তুর সাথে সংযোগ করতে পারে।
11. **কম্পিউটার ফাইল:**
    কম্পিউটার বা অন্যান্য ডিজিটাল ডিভাইস থেকে উদ্ধারকৃত তথ্য।
12. **নজরদারি ফুটেজ:**

নিরাপত্তা ক্যামেরা থেকে ভিডিও রেকর্ডিং যা প্রাসঙ্গিক কার্যকলাপ ধরে রাখে।

প্রতিটি ধরণের প্রমাণের গ্রহণযোগ্যতা নিয়ন্ত্রণের জন্য সুনির্দিষ্ট নিয়ম রয়েছে এবং আদালতকে নিশ্চিত করতে হবে যে উপস্থাপিত প্রমাণগুলি প্রাসঙ্গিক, নির্ভরযোগ্য এবং অযৌক্তিকভাবে পক্ষপাতদুষ্ট নয়।





## কার্যক্রম 1

উপরে কিছু ধরণের প্রমাণের উদাহরণ দেওয়া হল যা আদালতের সামনে উপস্থাপন করা যেতে পারে। বই , সিনেমা এবং OTT সিরিজ থেকে মনে কর যেখানে তুমি এই প্রমাণগুলির ব্যবহার দেখেছ । গল্প বা সিরিজের নাম এবং প্রমাণের সাথে একটি অ্যাকাউন্ট তৈরি কর। তুমি উপরে উল্লেখিত নয় এমন অন্য কোনও প্রমাণও রেকর্ড করতে পারো।

## কার্যক্রম 2

একটি ইঙ্কপ্যাড নাও এবং কালিতে ডুবানো তোমার হাতের একটি ছাপ নাও । তোমার পরিবারের সকল সদস্যের জন্য এটি কর। এখন, তোমার পরিবারের সদস্যদের বিভিন্ন কঠিন বস্তু স্পর্শ করতে বল। এটি বস্তুগুলিতে তাদের আঙুলের ছাপ রেখে যাবে।একটি আতসকাচের সাহায্যে , কঠিন বস্তুর ছাপের সাথে তোমার নেওয়া ছাপ মেলানোর চেষ্টা কর।

## কেন আদালতের প্রমাণের প্রয়োজন?

ধর তোমার স্কুলের একজন ছাত্র অভিযোগ করে যে তার দামি ক্যালকুলেটর গণিত ক্লাসের সময় তার ব্যাকপ্যাক থেকে চুরি হয়ে গেছে এবং এটি চুরির প্রথম ঘটনা নয়। স্কুল প্রশাসন চুরির তদন্ত করার সিদ্ধান্ত নেয়। তোমার কি মনে হয় স্কুল প্রশাসন অপরাধীকে খুঁজে বের করতে পারে এবং প্রমাণ করতে পারে যে সে চোর?

উত্তরটি সহজ, কর্তৃপক্ষের ক্লাসে চুরির ঘটনাটি প্রতিষ্ঠা করার জন্য কিছু প্রমাণের প্রয়োজন হবে । তারা কীভাবে প্রমাণ খুঁজে পাবে?

- স্কুলের শ্রেণিকক্ষ এবং হলঘরের সামনের পথে সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে। প্রশাসন চুরির ঘটনাটি ঘটেছিল এমন সময়ের ফুটেজ পর্যালোচনা করে।
- ফুটেজে দেখা যাচ্ছে যে বেশ কয়েকজন ছাত্র বিরতির সময় শ্রেণিকক্ষে ঘুরে বেড়াচ্ছে। একজন ছাত্রকে ভুক্তভোগীর ব্যাকপ্যাকের দিকে এগিয়ে যেতে দেখা যাচ্ছে এবং তাতে হাত দিতে দেখা যাচ্ছে। এই ফুটেজটি চুরির প্রাথমিক প্রমাণ হিসেবে সংরক্ষণ করা হয়েছে।

সুতরাং, আইনের আদালতের সামনে অপরাধ প্রমাণ করার জন্য, আইনজীবীদের দোষীদের বিচারের আওতায় আনার জন্য প্রমাণ উপস্থাপন করতে হবে।

আইনি কার্যক্রমে প্রমাণ বেশ কয়েকটি মৌলিক কারণে অত্যন্ত গুরুত্বপূর্ণ:

1. **কী ঘটেছে তা প্রমাণ করা:** প্রমাণ প্রকৃত ঘটনাগুলি প্রতিষ্ঠা করতে সাহায্য করে, একটি মামলার বিষয়বস্তু স্পষ্ট করে।

2. **মিথ্যা দাবি প্রতিরোধ করা:** এটি নিশ্চিত করে যে শুধুমাত্র বাস্তব এবং যাচাইযোগ্য তথ্য বিবেচনা করা হয়, যা মিথ্যা দাবি গ্রহণযোগ্য হওয়ার সম্ভাবনা হ্রাস করে।

3. **অধিকার রক্ষা করা:** প্রমাণ-ভিত্তিক কার্যক্রম যাচাইকৃত তথ্যের উপর ভিত্তি করে সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করে জড়িত সকল পক্ষের অধিকার রক্ষা করা।

4. **উদ্দেশ্যমূলক সিদ্ধান্ত গ্রহণ:** বিচারকরা নিরপেক্ষ সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রমাণের উপর নির্ভর করেন, পক্ষপাত এবং ব্যক্তিগত রায় এড়িয়ে যান।

5. **আইনি প্রয়োজনীয়তা:** প্রমাণের নিয়ম মেনে চলা নিশ্চিত করে যে মামলা প্রমাণের জন্য আইনি প্রয়োজনীয়তা পূরণ করা হয়। বিভিন্ন ধরণের মামলার প্রমাণের বিভিন্ন মান রয়েছে, যেমন দেওয়ানি মামলায় 'প্রমাণের প্রাধান্য' এবং ফৌজদারি মামলায় 'যুক্তিসঙ্গত সন্দেহের বাইরে'।

6. **আইনি ব্যবস্থার উপর আস্থা:** যখন সিদ্ধান্তগুলি দৃঢ় প্রমাণের উপর ভিত্তি করে তৈরি হয়, তখন এটি বিচার ব্যবস্থার উপর জনসাধারণের আস্থা বৃদ্ধি করে।

7. **স্বচ্ছতা:** প্রমাণ সিদ্ধান্তের জন্য একটি স্বচ্ছ ভিত্তি প্রদান করে, কীভাবে সিদ্ধান্তে উপনীত হয়েছে তা বোঝা সহজ করে তোলে।

প্রমাণ আইনের অন্যতম প্রধান উদ্দেশ্য হল প্রমাণের গ্রহণযোগ্যতার ক্ষেত্রে ভুল রোধ করা এবং আরও সঠিক এবং অভিন্ন অনুশীলনের নিয়ম প্রবর্তন করা।

ভারতীয় প্রমাণ আইন 1872 এর গুরুত্বপূর্ণ বিধান এবং পরবর্তী পরিবর্তনগুলি নিম্নলিখিত বিভাগে আলোচনা করা হয়েছে।

## ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম (BSA), 2023-এ নতুন কী আছে ?

ভারতীয় প্রমাণ আইন, 1872-এ মোট 170টি ধারা ছিল, যার মধ্যে:

- 23 টি ধারা পরিবর্তন করা হয়েছে;
- 1টি নতুন ধারা যোগ করা হয়েছে ;
- 5টি ধারা বাতিল করা হয়েছে।





ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম (BSA), 2023 ভারতীয় প্রমাণ আইন (IEA), 1872-এর বেশিরভাগ বিধান বজায় রেখেছে, যার মধ্যে রয়েছে:

1. **গ্রহণযোগ্য প্রমাণ:** শুধুমাত্র গ্রহণযোগ্য প্রমাণ একটি আইনি কার্যক্রমে উপস্থাপন করা যেতে পারে।

- গ্রহণযোগ্য প্রমাণের শ্রেণিবিভাগ:
  বিষয়ভিত্তিক তথ্য: এমন তথ্য যা আইনি কার্যক্রমে দাবি করা বা অস্বীকার করা কোনও অধিকার, দায়, বা অক্ষমতার অস্তিত্ব, প্রকৃতি বা ব্যাপ্তি নির্ধারণ করে।

- প্রাসঙ্গিক তথ্য: প্রদত্ত একটি মামলার প্রাসঙ্গিক তথ্য।

2. **প্রমাণের প্রকার:** ভারতীয় প্রমাণ আইন দুই ধরনের প্রমাণের উপস্থাপিত করে:

- প্রামাণিক প্রমাণ: যেসব নথি প্রমাণ হিসেবে উপস্থাপন করা হয়।

- মৌখিক প্রমাণ: মৌখিক সাক্ষ্য প্রমাণ হিসেবে উপস্থাপন করা হয়।

3 . **প্রমাণিত তথ্য:** একটি তথ্য তখনই প্রমাণিত বলে বিবেচিত হয় যখন, উপস্থাপিত প্রমাণের ভিত্তিতে, আদালত বিশ্বাস করে যে এটি:

- বিদ্যমান, অথবা

- অস্তিত্বের এতটাই সম্ভাবনাময় যে একজন বিচক্ষণ ব্যক্তির তদনুযায়ী কাজ করা উচিত যেন এটি মামলার পরিস্থিতিতে বিদ্যমান ছিল।

4. **পুলিশ স্বীকারোক্তি:**

- একজন পুলিশ অফিসারের কাছে করা যেকোনো স্বীকারোক্তি গ্রহণযোগ্য নয়।

- পুলিশ হেফাজতে করা যেকোনো স্বীকারোক্তি গ্রহণযোগ্য নয় যদি না একজন ম্যাজিস্ট্রেট কর্তৃক নথিভু ক্ত করা হয়।

- তবে, যদি হেফাজতে থাকা কোন আসামির কাছ থেকে প্রাপ্ত তথ্যের ফলে কোন তথ্য আবিষ্কৃত হয়, তাহলে সেই তথ্য স্বীকৃত হতে পারে যদি তা আবিষ্কৃত তথ্যের সাথে স্পষ্টভাবে সম্পর্কিত হয়





# ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম (BSA), 2023-এ অন্তর্ভুক্ত মূল পরিবর্তনগুলি

ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম (BSA), 2023-ভারতীয় প্রমাণ আইন (IEA), 1872-এ  বেশ কিছু আপডেট অন্তর্ভুক্ত করেছে , বিশেষ করে নথিভূক্তিকরণ এবং মৌখিক প্রমাণের ক্ষেত্রে, সেইসাথে ইলেকট্রনিক রেকর্ড এবং যৌথ বিচারের গ্রহণযোগ্যতা:

1. নথিভূক্ত প্রমাণ

- সংজ্ঞা: ভারতীয় প্রমাণ আইন -এর অধীনে, একটি নথিতে লেখা, মানচিত্র এবং ব্যঙ্গচিত্র অন্তর্ভুক্ত থাকে। ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম,( BSA) এই সংজ্ঞাটি ইলেকট্রনিক রেকর্ড অন্তর্ভুক্ত করার জন্য বিস্তৃত করে।

- **ডকুমেন্টারি প্রমাণের প্রকার**
- **প্রাথমিক প্রমাণ:** মূল নথি এবং এর অংশগুলি , যেমন ইলেকট্রনিক রেকর্ড এবং ভিডিও রেকর্ডিং।

- **পরবর্তী পর্যায়ের প্রমাণ ( Secondary Evidence) :** নথি এবং মৌখিক বিবরণ যা মূলের বিষয়বস্তু প্রমাণ করতে পারে। BSA বিস্তৃত হয়েছে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত করার জন্য
  - মৌখিক এবং লিখিত স্বীকারোক্তি।
  - একজন ব্যক্তির সাক্ষ্য যিনি নথিটি পরীক্ষা করেছেন এবং নথি পরীক্ষায় দক্ষ।

‘নথির" এর সংজ্ঞা এখন স্পষ্টভাবে ইলেকট্রনিক এবং ডিজিটাল রেকর্ড অন্তর্ভুক্ত করে। এর মধ্যে ইমেল, সার্ভার লগ, কম্পিউটার, ল্যাপটপ বা স্মার্টফোনের নথি, বার্তা, ওয়েবসাইট, অবস্থানগত প্রমাণ এবং ডিজিটাল ডিভাইসগুলিতে সংরক্ষিত ভয়েস মেইল বার্তাগুলির ইলেকট্রনিক রেকর্ড অন্তর্ভুক্ত রয়েছে।

2. মৌখিক প্রমাণ

- ভারতীয় প্রমাণ আইন (IEA) -এর অধীনে, মৌখিক প্রমাণের মধ্যে তদন্তাধীন কোনও তথ্যের সাথে সম্পর্কিত সাক্ষীদের আদালতে দেওয়া বিবৃতি অন্তর্ভুক্ত থাকে।  ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম (BSA) ইলেকট্রনিকভাবে মৌখিক প্রমাণ দেওয়ার অনুমতি দেয়  , যা সাক্ষী, অভিযুক্ত ব্যক্তি এবং আক্রান্তের ইলেকট্রনিক উপায়ে সাক্ষ্য দেওয়ার অনুমতি দেয়।

3. প্রমাণ হিসাবে ইলেকট্রনিক বা ডিজিটাল রেকর্ডের গ্রহণযোগ্যতা

- নথিভিত্তিক প্রমাণের মধ্যে এখন ইলেকট্রনিক রেকর্ডের তথ্য অন্তর্ভুক্ত থাকে যা কম্পিউটার দ্বারা উৎপাদিত অপটিক্যাল বা চৌম্বকীয় মিডিয়ায় মুদ্রিত বা সংরক্ষণ করা হয়েছে
- এই তথ্য কম্পিউটার বা বিভিন্ন কম্পিউটারের সংমিশ্রণে সংরক্ষণ বা প্রক্রিয়াজাত করা হতে পারে।





**প্রাথমিক (ইলেকট্রনিক) প্রমাণের ক্ষেত্রে স্পষ্টতা**

• ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম (BSA) শর্ত দেয় যে যখন একটি ভিডিও রেকর্ডিং একই সাথে ইলেকট্রনিক আকারে সংরক্ষণ করা হয় এবং অন্য স্থানে প্রেরণ, সম্প্রচার বা স্থানান্তর করা হয়, তখন প্রতিটি সংরক্ষিত রেকর্ডিংকে প্রাথমিক প্রমাণ হিসাবে বিবেচনা করা হয়।

- এই পরিবর্তন তদন্তকারী সংস্থাগুলির জন্য তাৎপর্যপূর্ণ কারণ এটি নিশ্চিত করে যদিও একজন সাইবার-অপরাধী মূল ইলেকট্রনিক রেকর্ড ধ্বংস করে , তবুও প্রমাণগুলি তার মূল্য না হারিয়ে অন্যান্য উৎস থেকে সংগ্রহ করা যেতে পারে।

**তথ্য প্রযুক্তি আইন, 2000 এর সাথে সিঙ্ক্রোনাইজেশন বা একত্রীকরণ**

- ধারা 63, যা ইলেকট্রনিক রেকর্ডের গ্রহণযোগ্যতা নিয়ে কাজ করে,আরও স্পষ্টতার জন্য 'সেমিকন্ডাক্টর মেমরি' এবং 'যেকোনো যোগাযোগ ডিভাইস' এর মতো শব্দগুলি অন্তর্ভুক্ত করার জন্য আপডেট করা হয়েছে।
- এই সংযোজন সত্ত্বেও, বিধানের প্রভাব অপরিবর্তিত রয়ে গেছে কারণ তথ্য প্রযুক্তি আইন , 2000-এ 'ইলেকট্রনিক ফর্ম'-এর সংজ্ঞা ইতিমধ্যেই 'কম্পিউটার মেমরি'-তে তৈরি, প্রেরিত, প্রাপ্ত বা সংরক্ষিত তথ্য অন্তর্ভুক্ত করে।

**4. যৌথ বিচার**

- যৌথ বিচার বলতে একই অপরাধের জন্য একাধিক ব্যক্তির বিচারকে বোঝায়। IEA-এর অধীনে, যদি অভিযুক্তদের একজনের স্বীকারোক্তি যৌথ বিচারে অন্য অভিযুক্তদের প্রভাবিত করে , তাহলে এটিকে উভয়ের বিরুদ্ধে স্বীকারোক্তি হিসেবে গণ্য করা হবে।
- ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম (BSA) একটি ব্যাখ্যা যোগ করে যে একাধিক ব্যক্তির বিচার, যেখানে একজন অভিযুক্ত পলাতক থাকে বা গ্রেপ্তারি পরোয়ানার জবাব না দেয়, তাকে যৌথ বিচার হিসেবে গণ্য করা হবে।

এই পরিবর্তনগুলির লক্ষ্য হল ভারতে আইনি কাঠামো আধুনিকীকরণ করা , যাতে এটি সমসাময়িক ডিজিটাল দৃশ্যপটে ডিজিটাল প্রমাণ এবং সাইবার অপরাধের জটিলতাগুলি পরিচালনা করতে সক্ষম হয়।








## উপসংহার

ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম ইলেকট্রনিক রেকর্ডের সংজ্ঞা এবং গ্রহণযোগ্যতার ক্ষেত্রে স্পষ্টতা প্রবর্তন করে, বিশেষ করে ইলেকট্রনিক মাধ্যমের নিরাপদ ব্যবহারের জন্য বিশেষজ্ঞ সার্টিফিকেশন এবং হ্যাশ অ্যালগরিদমের গুরুত্বের উপর জোর দেয়। তবে, এই জোর সাইবার ল্যাবরেটরির জন্য চ্যালেঞ্জ তৈরি করতে পারে, কারণ তাদের কাজের চাপ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে।

এই আইনগুলি কার্যকর হওয়ার আগে সাংকেতিকরণ এনক্রিপশন পদ্ধতি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং প্রয়োজনীয় অবকাঠামো নিশ্চিত করা আইন প্রয়োগকারী সংস্থাগুলির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সামগ্রিকভাবে , এই পরিবর্তনগুলি ডিজিটাল যুগে উদীয়মান চ্যালেঞ্জগুলি মোকাবেলায় ভারতে ফৌজদারি আইন আধুনিকীকরণের প্রতিশ্রুতি প্রতিফলিত করে।

| | |
|---|---|
| **বিবেচনা করার বিষয়** | ভারতীয় দণ্ডবিধির খসড়াটি 1834 সালে লর্ড থমাস ব্যাবিংটন ম্যাকলের সভাপতিত্বে প্রথম আইন কমিশন কর্তৃক প্রস্তুত করা হয়েছিল। খসড়াটি 1835 সালে ভারতের গভর্নর-জেনারেল কাউন্সিলের কাছে জমা দেওয়া হয়েছিল। |
| বিবেচনা করার বিষয়গুলি | 1872 সালের 12 মার্চ, ভাইসরয়ের আইন পরিষদের 13 জন সদস্য আইন সদস্য, জেমস ফিটজেমস স্টিফেন কর্তৃক প্রণীত ভারতীয় প্রমাণ বিলটি গ্রহণের জন্য একটি প্রস্তাব বিবেচনা করেন। |





| | |
|---|---|
| **কেস স্টাডিজ /ঘটনা ভিত্তিক আলোচনা** | শিক্ষার্থীদের বাস্তব জীবনের মামলার সরলীকৃত সংস্করণ প্রদান করুন এবং তাদেরকে উপস্থাপিত প্রমাণের ধরন এবং কীভাবে তারা মামলার ফলাফলকে প্রভাবিত করেছিল তাদের সনাক্ত করতে বলুন। প্রমাণের প্রাসঙ্গিকতা এবং নির্ভরযোগ্যতা নিয়ে আলোচনা করুন। |
| ভূমিকা পালন | নকল আদালতের পরিস্থিতি তৈরি করুন যেখানে শিক্ষার্থীরা বিচারক, আইনজীবী, সাক্ষী এবং আসামীর মতো বিভিন্ন ভূমিকা পালন করে। এটি তাদের আদালতে কীভাবে প্রমাণ উপস্থাপন করা হয় এবং মূল্যায়ন করা হয় তা বুঝতে সাহায্য করবে। |
| **সৃজনশীল লেখা** | শিক্ষার্থীদের আইনি পরিস্থিতি অন্তর্ভুক্ত করে ছোটগল্প বা প্রবন্ধ লিখতে বলুন যেখানে ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম 2023 একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটি তাদের জ্ঞান সৃজনশীলভাবে প্রয়োগ করতে সহায়তা করে |







## শিক্ষার্থীদের সম্পৃক্ত করার জন্য কিছু কার্যকলাপ

**1 . নকল বিচার প্রক্রিয়া**

**সক্রিয়তা:** শ্রেণিকক্ষে একটি নকল বিচার প্রক্রিয়ার আয়োজন করুন যেখানে শিক্ষার্থীরা বিচারক, আইনজীবী, সাক্ষী এবং জুরির ভূমিকা পালন করতে পারে।

**উদ্দেশ্য:** আদালতের মামলায় প্রমাণের প্রয়োগ বুঝতে শিক্ষার্থীদের সাহায্য করা।

**পদ্ধতি**

- একটি কাল্পনিক মামলা প্রদান করা।
- শিক্ষার্থীদের ভূমিকা নির্ধারণ করা।
- প্রমাণ কীভাবে উপস্থাপন করা হয় এবং চ্যালেঞ্জ করা হয় তার উপর দৃষ্টি রেখে বিচার পরিচালনা করা।

**2. কেস স্টাডি বা ঘটনা ভিত্তিক আলোচনা**

**সক্রিয়তা:** বাস্তব জীবনের মামলা গুলি নিয়ে আলোচনা করা যেখানে প্রমাণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

উদ্দেশ্য বিভিন্ন ধরনের : প্রমাণের তাৎপর্য বিশ্লেষণ করা।

**পদ্ধতি**

- সংবাদ বা ইতিহাস থেকে উল্লেখযোগ্য মামলাগুলি বেছে নেওয়া।
- শিক্ষার্থীদের দলে ভাগ করা এবং প্রতিটি দলকে একটি মামলার দায়িত্ব দেওয়া।
- প্রতিটি দলকে তাদের মামলা উপস্থাপন করতে বলা এবং কীভাবে প্রমাণ ব্যবহার করা হয়েছিল তা নিয়ে আলোচনা করা।

**3 . নাটকীয় অনুকরণ প্রমাণ সংগ্রহের (Evidence collection simulation)**

**সক্রিয়তা:** একটি নাটকীয় অপরাধ দৃশ্য তৈরি করা এবং শিক্ষার্থীদের প্রমাণ সংগ্রহ করতে বলা।

**উদ্দেশ্য:** শিক্ষার্থীদের বিভিন্ন ধরনের প্রমাণ এবং কীভাবে সংগ্রহ করা হয় সে সম্পর্কে শিক্ষাদান।

**পদ্ধতি**

- শ্রেণিকক্ষে একটি নকল অপরাধ দৃশ্য স্থাপন করা।
- শিক্ষার্থীদের গ্লাভস, প্রমাণ ব্যাগ এবং ট্যাগ সরবরাহ করা।
- শিক্ষার্থীদের নথিভুক্ত করতে এবং প্রমাণ সংগ্রহ করতে বলা।
- সংগৃহীত প্রমাণের ধরন এবং তাদের প্রাসঙ্গিকতা নিয়ে আলোচনা করা।





## ক্যুইজ

**1. ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম 2023 এর অধীনে নিম্নলিখিত কোনটি প্রমাণ হিসেবে বিবেচিত হবে না?**

(a) মৌখিক বিবৃতি

(b) ইলেকট্রনিক রেকর্ড

(c) গুজব

(d) নথি

(উত্তর: c)

**2. ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম 2023 নিম্নলিখিত কোন ক্ষেত্রে প্রযোজ্য?**

(a) শুধুমাত্র দেওয়ানি মামলা

(b) শুধুমাত্র ফৌজদারি মামলা

(c) দেওয়ানি এবং ফৌজদারি উভয় মামলা

(d) উপরের কোনটিই নয়

(উত্তর: c)

**3. কোন ধরণের প্রমাণ ইলেকট্রনিক ডিভাইস থেকে প্রাপ্ত তথ্যকে বোঝায়?**

(a) মৌখিক প্রমাণ

(b) ডকুমেন্টারি প্রমাণ

(c) ডিজিটাল প্রমাণ

(d) ভৌত প্রমাণ

(উত্তর: c)

**4. ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম 2023 এর অধীনে নথির অনুমান সম্পর্কে নিম্নলিখিত কোন বিবৃতিটি সত্য ?**

(a) একটি দলিলকে আসল বলে ধরে নেওয়া হয় যদি না তা প্রমাণিত হয় অন্যভাবে।

(b) অন্যভাবে প্রমাণিত না হয়, তাহলে একটি দলিলকে মিথ্যা বলে ধরে নেওয়া হয়।

(c) একটি দলিল সর্বদা অগ্রহণযোগ্য।

(d) উপরের কোনটিই নয়

(উত্তর: a)





**5. ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম 2023 এর মূল উদ্দেশ্য কী?**

(a) গ্রেপ্তার এবং আটকের পদ্ধতি সংজ্ঞায়িত করা

(b)আদালতে প্রমাণ গ্রহণযোগ্যতা সম্পর্কিত নিয়ম নির্ধারণ করা

(c) মামলা দায়েরের প্রক্রিয়ার রূপরেখা তৈরি করা

(d) আইনজীবীদের আচরণ নিয়ন্ত্রণ করা

(উত্তর: b)

**6. ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম 2023 এর অধীনে নিম্নলিখিত কোনটি গ্রহণযোগ্য প্রমাণ হিসেবে বিবেচিত হবে না?**

(a) চাপের মুখে দেওয়া স্বীকারোক্তি

(b) সংশ্লিষ্ট পক্ষের স্বাক্ষরিত নথি

(c) সাক্ষীদের সাক্ষ্য

(d) ডিজিটাল প্রমাণ যেমন ইমেল

(উত্তর: a)

**7. ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম 2023 এর অধীনে, নিম্নলিখিত কোনটি প্রাথমিক প্রমাণ হিসেবে বিবেচিত হবে?**

(a) একটি নথির একটি অনুলিপি

(b) একটি নথির বিষয়বস্তু সম্পর্কে মৌখিক সাক্ষ্য

(c) মূল নথি নিজেই

(d) নথির একটি ডিজিটাল ছবি

(উত্তর: c)

**8. কোন শব্দটি এমন প্রমাণকে বোঝায় যা ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম 2023 এর অধীনে  থাকা বিষয়ের তথ্যের সাথে সরাসরি সম্পর্কিত?**

(a) গুজব প্রমাণ

(b) পরিস্থিতিগত প্রমাণ

(c) প্রত্যক্ষ প্রমাণ

(d) প্রাথমিক পর্যায়ে পরবর্তী প্রমাণ

(উত্তর: c)





**9. ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম 2023 এর অধীনে একটি দেওয়ানি মামলায় প্রমাণের ভার সাধারণত নিম্নলিখিত কোনটির উপর বর্তায়:**

(a) আসামী

(b) বাদী

(c) বিচারক

(d) সাক্ষী

(উত্তর: b)

**10. ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম 2023 অনুসারে, একটি জোর বা জোর করে স্বীকারোক্তি দেওয়া হল:**

(a প্রমাণ হিসাবে গ্রহণযোগ্য

(b) প্রমাণ হিসাবে গ্রহণযোগ্য নয়

(c) শর্তসাপেক্ষে গ্রহণযোগ্য

(d) সর্বদা অপ্রাসঙ্গিক

(উত্তর: b)







एन सी ई आर टी
NCERT

राष्ट्रीय शैक्षिक अनुसंधान और प्रशिक्षण परिषद्
NATIONAL COUNCIL OF EDUCATIONAL RESEARCH AND TRAINING